

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

এপিএ সংক্রান্ত উপজেলা, শ্রীমঙ্গল কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) সভার কার্যবিবরণী:-

সভাপতি : আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার,
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
তারিখ : সেপ্টেম্বর ২৭, ২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ


সভায় উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ এর উপজেলা কমিটির ১ম ত্রৈমাসিক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সহ আলোচনা করেন। বিগত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নম্বর	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	সভাপতি কমিটির সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, জেলায় শ্রীমঙ্গল উপজেলা এপিএ বিষয়ে অর্জিত প্রাপ্ত নম্বর আশানুরূপ নয়।	আগামীতে এপিএ তে প্রাপ্ত নম্বর যাহাতে সর্বোচ্চ হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করে এ কার্যালয়ে কাজের ধারাবাহিকতা বজায় রাখতে সকলের সহযোগিতার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল)
০২	বার্ষিক কর্মসম্পাদন বিষয়ে সকল সরকারি অফিসে এপিএ বাস্তবায়ন টিম গঠন করা একান্ত বাঞ্ছনীয়। তাই যে সকল অফিসে এখনো টিম গঠন করা হয় নাই সে সকল অফিসে অতিসত্তর টিম গঠন করে তার কপি এবং স্ব স্ব অফিসের ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্মকর্তা বরাবরে প্রেরণ পূর্বক তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য আলোচনা হয়।	আলোচনা মোতাবেক সকল সরকারি অফিসে এপিএ বাস্তবায়ন টিম গঠন করা এবং যে সকল অফিসে এখনো টিম গঠন করা হয় নাই সে সকল অফিসে অতিসত্তর টিম গঠন করে তার কপি এবং স্ব স্ব অফিসের ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্মকর্তা বরাবরে প্রেরণ পূর্বক তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল)
০৩	অফিসের কার্যক্রমের ধারাবাহিকতায় রেজুলেশন, নোটিশ, যেকোন বিজ্ঞপ্তি প্রকাশ করে ইউএনও অফিসের ওয়েব পোর্টালে আপলোড করা বিষয়ে আলোচনা হয়।	অফিসের কার্যক্রমের ধারাবাহিকতায় রেজুলেশন, নোটিশ, যেকোন বিজ্ঞপ্তি প্রকাশ করে ইউএনও অফিসের ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার

ক্রমিক নম্বর	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৪	অফিস এবং অফিসের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পুনঃআলোচনা হয়।	অফিস এবং অফিসের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল)


পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (আলী রাজিব মাহমুদ মিঠুন)
 উপজেলা নির্বাহী অফিসার
 শ্রীমঙ্গল, মৌলভীবাজার

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮৮৩.০০১.০৩.০১৫.১৭-

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩

১. জেলা প্রশাসক, মৌলভীবাজার
২. উপজেলা..... কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৩. এপিএ এর উপজেলার সকল কমিটি সদস্য.....
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৪. অফিস কপি


 উপজেলা নির্বাহী অফিসার
 শ্রীমঙ্গল, মৌলভীবাজার